রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, অক্টোবর ২২, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিল্প মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/৮ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নম্বর- ৩৩৭-আইন/২০২৪।**—আয়োডিনযুক্ত লবণ আইন, ২০২১ (২০২১ সনের ০৮ নং আইন) এর ধারা ৪৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা আয়োডিনযুক্ত লবণ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ আয়োডিনযুক্ত লবণ আইন, ২০২১ (২০২১ সনের ০৮ নং আইন);

(খ) **"আমদানিকারক"** অর্থ যে ব্যক্তি বা প্রতিষ্ঠান দেশে পাইকারি বা খুচরা বিক্রয় বা বিতরণের উদ্দেশ্যে, অথবা শিল্প বা অন্য কোনো ক্ষেত্রে ব্যবহারের উদ্দেশ্যে অন্য কোনো দেশ হইতে লবণ আমদানি করে;

(গ) **"আয়োডিনযুক্তকারী"** অর্থ যে ব্যক্তি লবণে আয়োডিন যুক্ত করে;

(ঘ) **"নিবন্ধন সনদ"** অর্থ বিধি ২১ এর অধীন প্রদত্ত সনদ;

(ঙ) **"পরীক্ষাগার"** অর্থ অ্যাক্রিডিটেশন সনদপ্রাপ্ত অথবা International Organization for Standardization বা International Electrotechnical Commission (ISO/IEC 17025) অনুসরণকারী কোনো পরীক্ষাগার;

(চ) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম;

(ছ) **"বাংলাদেশ স্ট্যান্ডার্ড"** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২ এর দফা (১১) তে সংজ্ঞায়িত বাংলাদেশ স্ট্যান্ডার্ড;

(জ) **"বিসিক"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১৬) তে সংজ্ঞায়িত বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন;

(ঝ) **"ভোজ্য লবণ"** অর্থ বাংলাদেশ মান (বিডিএস ১২৩৬) এ বর্ণিত আয়োডিনযুক্ত লবণ;

(ঞ) **"লবণ চাষি"** অর্থ অপরিশোধিত লবণ উৎপাদনকারী; এবং

(ট) **" লেভেল"** অর্থ লবণের প্যাকেটের গায়ে আয়োডিনযুক্ত লবণের বিবরণ সংবলিত লিখিত, মুদ্রিত, অঙ্কিত বা আটকানো লেবেল।

(২) এই বিধিমালায় অন্য যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞায়িত হয় নাই, সেই সকল শব্দ ও অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **ভোজ্য লবণ আয়োডিনযুক্তকরণ।**—(১) ভোজ্য লবণে বাংলাদেশ স্ট্যান্ডার্ড ১২৩৬ (বিডিএস ১২৩৬) অনুযায়ী নির্ধারিত মাত্রার আয়োডিন মিশ্রণ করিতে হইবে।

(২) সোডিয়াম ক্লোরাইড লবণ ব্যতীত অন্য কোনো লবণে আয়োডিন মিশ্রণ করা যাইবে না।

(৩) নির্দিষ্ট অনুপাতে পটাশিয়াম আয়োডেট লবণে মিশ্রণ করিয়া আয়োডিনযুক্ত লবণ উৎপাদন করিতে হইবে।

(৪) আয়োডিনযুক্ত লবণ বাংলাদেশ স্ট্যান্ডার্ড ১২৩৬ অনুযায়ী হইতে হইবে।

৪। **আয়োডিনযুক্ত লবণের ব্যবহার।**—আয়োডিনযুক্ত লবণ নিম্নবর্ণিত ক্ষেত্রে ব্যবহৃত হইবে, যথা:—

(ক) গৃহস্থালি বা রান্নার কার্যে;

(খ) টেবিল সল্ট হিসাবে; এবং

(গ) বাণিজ্যিক লবণ হিসাবে।

ব্যাখ্যা।—এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, 'বাণিজ্যিক লবণ' বলিতে বাণিজ্যিকভাবে খাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ এবং পরিষেবায় ব্যবহৃত আয়োডিনযুক্ত লবণকে বুঝাইবে।

**৫। ভোজ্য লবণ উৎপাদনকারী, পরিশোধনকারী ও আয়োডিনযুক্তকারীর দায়িত্ব।**—কোনো ভোজ্য লবণ উৎপাদনকারী বা পরিশোধনকারী বা আয়োডিনযুক্তকারী বিক্রয়, বিতরণ বা সরবরাহের পূর্বে আয়োডিনযুক্ত লবণের মান ও মাত্রা নিশ্চিত করিবে এবং নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করিবে, যথা:—

(ক) নিয়মিতভাবে উৎপাদন প্রক্রিয়াধীন আয়োডিনযুক্ত লবণের নমুনা সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কারখানার নিজস্ব পরীক্ষাগারে পরীক্ষা করা;

(খ) যন্ত্রপাতি যথাযথভাবে ব্যবহৃত হইতেছে কিনা বা যথাযথভাবে কার্যকর রহিয়াছে কিনা তাহা নিয়মিতভাবে পরিদর্শন করা;

(গ) প্রতিটি ব্যাচে নির্ধারিত মান ও মাত্রায় আয়োডিন মিশ্রিতকরণ নিশ্চিত করিবার লক্ষ্যে নিয়মিত পর্যবেক্ষণ করা;

(ঘ) ভোজ্য লবণ উৎপাদন, আয়োডিনযুক্তকরণ, মজুত, সরবরাহ, বিতরণ ও বিক্রয়ের হিসাব সংরক্ষণ করা; এবং

(ঙ) যথাযথভাবে লবণ রেজিস্টার ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ করা।

**৬। মানুষ বা অন্য কোনো প্রাণির খাদ্যে আয়োডিনযুক্ত লবণের ব্যবহারের দায়িত্ব।**—(১) মানুষ বা অন্য কোনো প্রাণির যে সকল খাদ্য প্রস্তুত বা প্রক্রিয়াকরণে লবণ ব্যবহৃত হয়, এইরূপ খাদ্যে আয়োডিনযুক্ত ভোজ্য লবণ ব্যবহার নিশ্চিত করিবার ক্ষেত্রে উক্ত খাদ্য প্রস্তুত বা প্রক্রিয়াকারী দায়ী থাকিবেন।

(২) কোনো হোটেল, রেস্তোরাঁ, ফুড-কোর্ট, ক্যান্টিন বা অন্য কোনো ফুড আউটলেটে বা অনুরূপ কোনো স্থান বা ক্ষেত্রে আয়োডিনযুক্ত লবণের ব্যবহার নিশ্চিত করিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট হোটেল, রেস্তোরাঁ, ফুড-কোর্ট, ক্যান্টিন বা অন্য কোনো ফুড আউটলেট বা অনুরূপ স্থান বা ক্ষেত্র পরিচালনাকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন।

**৭। এজেন্ট, ডিলার, বিক্রেতা ইত্যাদির দায়িত্ব।**—কোনো এজেন্ট, ডিলার, সরবরাহকারী, সংরক্ষণকারী বা পাইকারি ও খুচরা বিক্রেতা আয়োডিনযুক্ত করা হয় নাই বা নির্ধারিত পদ্ধতিতে প্যাকেটজাত বা লেভেলজাত করা হয় নাই এইরূপ কোনো ভোজ্য লবণ বিক্রয় বা বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ, পরিবেশন বা প্রদর্শন করিতে পারিবেন না।

**৮। আয়োডিনযুক্ত লবণ বিক্রয় বা বিতরণের মেয়াদ।**—(১) ভোজ্য লবণ আয়োডিনযুক্তকরণের তারিখ হইতে ভোক্তা পর্যায়ে বিক্রয় বা বিতরণের মেয়াদ হইবে সর্বোচ্চ ২ (দুই) বৎসর।

(২) কোনো অবস্থাতেই মেয়াদোত্তীর্ণ আয়োডিনযুক্ত লবণ বিক্রয় বা বিতরণ করা যাইবে না।

(৩) মেয়াদোত্তীর্ণ লবণ যাহার নিকট হইতে ক্রয় বা সংগ্রহ করা হইয়াছে তাহার নিকট ফেরত প্রদান করিতে হইবে।

**৯। ভোজ্য লবণের প্যাকেট ও লেভেল।**—(১) আয়োডিনযুক্ত ভোজ্য লবণের প্যাকেট স্বচ্ছ ও ফুডগ্রেড হইতে হইবে।

(২) আয়োডিনযুক্ত ভোজ্য লবণের প্যাকেট পলিথিন দ্বারা তৈরি হইলে উক্ত পলিথিনের পুরুত্ব হইবে ন্যূনতম ৭৫ (পঁচাত্তর) মাইক্রোমিটার।

(৩) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ভোজ্য লবণের প্যাকেট তৈরি করা যাইবে, যথা:—

(ক) প্যাকেট আর্দ্রতারোধক হইবে এবং প্যাকেটের উপরিভাগে আর্দ্রতারোধক উপকরণ ব্যবহৃত না হইলে উহার অন্তর্ভাগে আর্দ্রতারোধক উপকরণ ব্যবহার করিতে হইবে;

(খ) প্যাকেট বায়ুরোধক হইবে;

(গ) প্যাকেট তৈরিতে এমন উপকরণ ব্যবহার করা যাইবে না, যাহা আয়োডিনযুক্ত লবণের সহিত বিক্রিয়ার ফলে ক্ষতিকর হইতে পারে;

(ঘ) প্যাকেট তৈরিতে কেবল ফুডগ্রেড উপাদান ব্যবহার করিতে হইবে;

(ঙ) প্যাকেট তৈরিতে নন-টক্সিক উপাদান ব্যবহার করিতে হইবে;

(চ) প্যাকেট দূষণমুক্ত, অক্ষত ও অটুট অবস্থায় থাকিতে হইবে; এবং

(ছ) দফা (গ) এর উদ্দেশ্যপূরণকল্পে, সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন ধরণের প্যাকেট তৈরির উপকরণ এবং উহাদের নির্দিষ্ট অনুপাত অনুসরণ করিতে হইবে।

(৪) ভোজ্য লবণ উৎপাদনকারী, পরিশোধনকারী, আয়োডিনযুক্তকারী উপ-বিধি (৩) এর শর্ত পূরণসাপেক্ষে, আয়োডিনযুক্ত ভোজ্য লবণ প্যাকেটজাত ও লেভেলজাত করিয়া উহা বিক্রয়, বিপণন, বাজারজাত, গুদামজাত, বিতরণ বা প্রদর্শন করিতে পারিবে।

(৫) প্রতিটি প্যাকেটের লেভেলে নিম্নবর্ণিত তথ্যাদি সুস্পষ্ট ও সহজবোধ্যভাবে এবং অমোচনীয় কালি বা রং ব্যবহার করিয়া বাংলায় লিপিবদ্ধ করিতে হইবে, যথা:—

(ক) ভোজ্য লবণ উৎপাদনকারীর নাম ও ঠিকানা;

(খ) ভোজ্য লবণ ব্যবহারের ক্ষেত্রের নাম;

(গ) গ্রাম বা কিলোগ্রামে লবণের প্রকৃত (নিট) ওজন;

(ঘ) প্যাকেটজাত লবণের সর্বোচ্চ আর্দ্রতার মাত্রা;

(ঙ) আয়োডিনযুক্তকরণের তারিখ ও লট নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

(চ) মেয়াদোত্তীর্ণের তারিখ;

(ছ) সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা;

(জ) নিবন্ধন নম্বর, ব্যাচ নম্বর এবং শনাক্তকরণ কোড;

(ঝ) সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য;

(ঞ) লবণে আয়োডিন মিশ্রিতকরণ এবং উহার পরিমাণ;

(ট) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন কর্তৃক অনুমোদিত লেবেল ব্যবহার; এবং

(ঠ) ভোজ্য লবণ আয়োডিন দ্বারা আয়োডিনযুক্তকরণ সম্পর্কিত ঘোষণা।

১০। **ভোজ্য লবণের প্যাকেটের ওজন।**—আয়োডিনযুক্ত লবণের প্যাকেটের ওজন হইবে নিম্নরূপ, যথা:—

(ক) টেবিল সল্ট কার্যে ব্যবহার্য ভোজ্য লবণের প্রতি প্যাকেটে লবণের পরিমাণ হইবে, যথাক্রমে ৫০ (পঞ্চাশ) গ্রাম, ১০০ (একশত) গ্রাম ও ২৫০ (দুই শত পঞ্চাশ) গ্রাম; এবং

(খ) গৃহস্থালি বা রান্নার কার্যে ব্যবহার্য ভোজ্য লবণের প্রতি প্যাকেটে লবণের পরিমাণ হইবে, যথাক্রমে ৫০০ (পাঁচশত) গ্রাম, ১০০০ (এক হাজার) গ্রাম বা ১ (এক) কেজি, ২০০০ (দুই হাজার) গ্রাম বা ২ কেজি, ৫০০০ (পাঁচ হাজার) গ্রাম বা ৫ কেজি এবং ১০,০০০ (দশ হাজার) গ্রাম বা ১০ কেজি:

তবে শর্ত থাকে যে, বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের ক্ষেত্রে ভোজ্য লবণ বাল্ক হিসাবে প্যাকেট করা হইলে উহার পরিমাণ হইবে সর্বোচ্চ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) গ্রাম বা ৫০ কেজি।

১১। **ভোজ্য লবণের গুণগত মান নির্ধারণ।**—কারিগরি পরামর্শক কমিটির পরামর্শ ও জাতীয় লবণ কমিটির সুপারিশক্রমে সরকার, সময় সময়, গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে পৃথক পৃথকভাবে টেবিল সল্ট, গৃহস্থালি বা রান্নার কাজে ব্যবহার্য্য লবণ ও বাণিজ্যিক লবণের গুণগত মান নির্ধারণ করিতে পারিবে।

১২। **জেলা লবণ ব্যবস্থাপনা কমিটি গঠন।**—প্রত্যেক জেলায় একটি লবণ ব্যবস্থাপনা কমিটি থাকিবে এবং নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উহা গঠিত হইবে, যথা:—

(ক) জেলা প্রশাসক, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) পুলিশ সুপার বা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(গ) সিভিল সার্জন বা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(ঘ) জেলা খাদ্য নিয়ন্ত্রক বা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(ঙ) জেলা মৎস্য কর্মকর্তা বা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(চ) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(ছ) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(জ) সিটি কর্পোরেশন বা, ক্ষেত্রমত, পৌরসভার মেয়র বা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(ঝ) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন কর্তৃক মনোনীত উহার জেলা পর্যায়ের একজন প্রতিনিধি;

(ঞ) ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক মনোনীত উহার জেলা পর্যায়ের একজন প্রতিনিধি;

(ট) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার একজন প্রতিনিধি;

(ঠ) সংশ্লিষ্ট জেলার লবণ উৎপাদনকারী বা ব্যবসায়ী সংগঠনের একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে);

(ড) লবণ মিল মালিক সমিতি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঢ) জেলা লবণ চাষি সমিতি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

(ণ) বিসিক এর সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

১৩। **জেলা লবণ ব্যবস্থাপনা কমিটির সভা।**—(১) জেলা লবণ ব্যবস্থাপনা কমিটির সভাপতির পরামর্শক্রমে, সদস্য-সচিব সভার আলোচ্যসূচি, তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিবেন:

তবে শর্ত থাকে যে, বৎসরে কমিটির অন্যূন ২ (দুই)টি সভা অনুষ্ঠিত হইবে।

(২) জেলা লবণ ব্যবস্থাপনা কমিটির সভাপতি কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।

(৩) জেলা লবণ ব্যবস্থাপনা কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৪) জেলা লবণ ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতি বা, ক্ষেত্রমত, সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

১৪। **জেলা লবণ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি।**—জেলা লবণ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) লবণ উৎপাদন, পরিশোধন, প্রক্রিয়াজাত ও আয়োডিনযুক্তকরণ, বিপণনসহ বা এতদসংশ্লিষ্ট কার্যক্রম তদারকি;

(খ) আয়োডিনযুক্ত লবণের উপকারিতা সম্পর্কে সচেতনতা সৃষ্টি;

(গ) আয়োডিনযুক্ত নহে, এইরূপ ভোজ্যলবণ বিক্রয় বন্ধে প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ;

(ঘ) আইন ও এই বিধিমালার বিধান প্রতিপালন বিষয়ে জাতীয় লবণ ব্যবস্থাপনা কমিটির নিকট প্রয়োজনীয় তথ্য প্রেরণ ও সুপারিশ প্রদান;

(ঙ) জাতীয় লবণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন; এবং

(চ) সরকার বা জাতীয় লবণ কমিটি কর্তৃক, সময় সময়, অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

১৫। **প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটি গঠন।**—সরকার কর্তৃক নির্ধারিত উপজেলাসমূহে প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটি থাকিবে এবং উহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা;

(গ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক;

(ঘ) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বা উপজেলা মৎস্য কর্মকর্তা;

(ঙ) উপজেলা কৃষি কর্মকর্তা;

(চ) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা;

(ছ) পৌরসভার মেয়র;

(জ) জেলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(ঝ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত উপজেলার লবণ উৎপাদনকারীদের একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঞ) উপজেলা লবণ মিল মালিক সমিতি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

(ট) বিসিক এর সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

১৬। **প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটির সভা।**—(১) প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটির সভাপতির পরামর্শক্রমে, সদস্য-সচিব সভার আলোচ্যসূচি, তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিবেন:

তবে শর্ত থাকে যে, বৎসরে কমিটির অন্যূন ২ (দুই) টি সভা অনুষ্ঠিত হইবে।

(২) প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটির সভাপতি সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।

(৩) প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৪) প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতি বা, ক্ষেত্রমত, সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

১৭। **প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি।**—প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) প্রান্তিক লবণ ব্যবস্থাপনা কমিটির উপদেষ্টার সহিত পরামর্শক্রমে, জেলা লবণ ব্যবস্থাপনা কমিটির নির্দেশনা পালন;

(খ) আয়োডিনযুক্ত লবণ ব্যবহারের উপকারিতা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি;

(গ) আয়োডিনযুক্ত নহে, এইরূপ ভোজ্যলবণ বিক্রয় বন্ধে প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ; এবং

(ঘ) জেলা লবণ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

১৮। **তদারকি ও পরিদর্শন।**—(১) বিসিক এর কোনো কর্মকর্তা বা পরিদর্শক এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো কর্মকর্তা তদারকি ও পরিদর্শনের উদ্দেশ্যে ভোজ্য লবণ উৎপাদনকারী, পরিশোধনকারী, আয়োডিনযুক্তকারী, প্রক্রিয়াজাতকারী, বাজারজাতকারী, আমদানিকারক, মজুতদারি ও বিক্রয়কারী কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কিংবা সংশ্লিষ্ট অন্য কোনো কারখানা, দোকান, ভাণ্ডার, পরিবহণ বা স্থাপনায় আইনের ধারা ২৯ এ বর্ণিত ক্ষমতাবলে প্রবেশ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত কর্মকর্তা বা পরিদর্শক, তদারকি ও পরিদর্শনের সময় প্রয়োজন মনে করিলে, উক্ত উপ-বিধিতে উল্লিখিত প্রতিষ্ঠান, কারখানা, দোকান, ভাণ্ডার, গুদাম, পরিবহণ ও স্থাপনা হইতে পরীক্ষণের জন্য নমুনা হিসাবে সর্বোচ্চ ৩ (তিন) টি প্যাকেট সংগ্রহ করিয়া উক্ত প্যাকেটসমূহ সিলগালা করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত নমুনার মধ্যে ১ (এক) টি নমুনা পরীক্ষণের জন্য পরীক্ষাগারে প্রেরণ করিতে হইবে, যাহা প্রয়োজনে অভিযোগ বা মামলার আলামত হিসাবে ব্যবহার করা যাইবে, ১ (এক) টি নমুনা পরিদর্শন কর্মকর্তার নিকট এবং ১ (এক) টি নমুনা সিলগালাকৃত অবস্থায় সংগ্রহস্থানে মিল মালিক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নিকট থাকিবে।

(৪) উপ-বিধি (২) অনুসারে নমুনা সংগ্রহের ক্ষেত্রে উপ-বিধি (১) এ বর্ণিত কর্মকর্তা বা পরিদর্শক, সম্ভব হইলে, সাক্ষীর উপস্থিতিতে উক্ত নমুনা সংগ্রহ করিবেন এবং নমুনার প্রতিটি প্যাকেটে উহার সংগ্রহ স্থান, উহার মালিক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম ও ঠিকানা, সংগৃহীত নমুনার পরিমাণ এবং ক্ষেত্রমত, পরিশোধনকারী বা প্রক্রিয়াজাতকারী বা আয়োডিনযুক্তকারী বা বাজারজাতকারী বা আমদানিকারক বা মজুতদার বা বিক্রয়কারী ব্যক্তি বা প্রতিষ্ঠান কিংবা সংশ্লিষ্ট অন্য কোনো কারখানা বা দোকান বা ভাণ্ডার বা পরিবহণ বা স্থাপনার নাম, নমুনা সংগ্রহের তারিখ ও সময় উল্লেখপূর্বক একটি তালিকা প্রণয়ন করিবেন এবং উক্ত তালিকায় নিজে স্বাক্ষর করিবেন এবং কোনো সাক্ষী থাকিলে উক্ত সাক্ষী ও নমুনা সংগ্রহের স্থানের মালিক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর গ্রহণ করিবেন:

তবে শর্ত থাকে যে, কোনো সাক্ষী বা মালিক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি স্বাক্ষর করিতে অস্বীকার করিলে সেই মর্মে উক্ত তালিকায় এবং প্যাকেটে একটি বিবৃতি লিপিবদ্ধ করিতে হইবে।

(৫) উপ-বিধি (২) অনুসারে সংগৃহীত নমুনা উক্ত পরিদর্শনকারী কর্মকর্তা বা পরিদর্শক নির্দিষ্ট পরীক্ষাগার হইতে পরীক্ষা করাইবার ব্যবস্থা গ্রহণ করিবেন অথবা নমুনা সংগ্রহের স্থানের মালিক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে পরীক্ষণ ফি প্রদান সাপেক্ষে নমুনা পরীক্ষাগার হইতে পরীক্ষার নির্দেশ দিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, নমুনা সংগ্রহের স্থানের মালিক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নির্দিষ্ট সময়ের মধ্যে পরীক্ষা করাইবেন না মর্মে যুক্তিসংগত সন্দেহ থাকিলে উক্ত কর্মকর্তা বা পরিদর্শক নিজেই তাহা নির্দিষ্ট পরীক্ষাগার হইতে পরীক্ষা করাইবার ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৯। **পরিদর্শনকারী কর্মকর্তার ক্ষমতা ও দায়িত্ব।**—পরিদর্শনকারী কর্মকর্তার ক্ষমতা ও দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা :—

(ক) পরিদর্শন ও অনুসন্ধানের উদ্দেশ্যে কারখানা, প্রতিষ্ঠান, দোকান, গুদাম বা অন্য কোনো স্থানে পরিচয়পত্র প্রদর্শনপূর্বক প্রবেশ করিতে পারিবেন;

(খ) পরিশোধনকারী, প্রক্রিয়াজাতকারী, আয়োডিনযুক্তকারী, প্যাকেজিং, লেভেল লাগানোর যন্ত্রপাতি বা অনুরূপ বিষয়াদি পরীক্ষা করিতে পারিবেন;

(গ) বিক্রয়, বিপণন, সরবরাহ, বাজারজাত বা বিতরণের জন্য মজুতকৃত ভোজ্য লবণের প্যাকেট খুলিতে ও পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করিতে পারিবেন;

(ঘ) বিক্রয়, সরবরাহ বা বিতরণের উদ্দেশ্যে সংরক্ষিত বা মজুতকৃত ভোজ্য লবণের নমুনা সংগ্রহ করিতে এবং উক্ত নমুনা পরীক্ষার ব্যবস্থা করিতে পারিবেন;

(ঙ) পরিশোধন, আয়োডিনযুক্তকরণ ও প্যাকেজিং প্রক্রিয়া পরিদর্শন এবং উহার সহিত সম্পৃক্ত দলিলাদি পরীক্ষা করিতে এবং উহার অনুলিপি সংগ্রহ করিতে পারিবেন;

(চ) আয়োডিনযুক্তকরণ, পরিশোধন ও প্যাকেজিং-এর সহিত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, ঠিকাদার, এজেন্ট, শ্রমিক, কর্মকর্তা বা কর্মচারী এবং স্থাপনার মালিক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন; এবং

(ছ) যথাযথভাবে আয়োডিনযুক্ত বা প্যাকেটকৃত নয় মর্মে পরিদর্শনকারী কর্মকর্তা যুক্তিসঙ্গাত কারণে লবণ জব্দ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, জব্দকৃত লবণ যথাযথভাবে আয়োডিনযুক্ত করা হইবে বা প্যাকেটজাত করা হইবে মর্মে মালিক অঙ্গীকারনামা প্রদান করিলে যথাযথভাবে আয়োডিনযুক্ত বা প্যাকেটজাত নয় মর্মে উহা উল্লেখপূর্বক প্রয়োজনীয় নির্দেশনা লিপিবদ্ধ করিয়া ফেরত প্রদান করতে পারিবেন।

২০। **কারিগরি পরামর্শক কমিটি।**—(১) ভোজ্য লবণের মান নির্ধারণ ও আয়োডিনযুক্তকরণ বিষয়ে কারিগরি পরামর্শ প্রদানের জন্য একটি কারিগরি পরামর্শক কমিটি থাকিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কারিগরি পরামর্শক কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কমিটি গঠিত হইবে, যথা :—

(ক) অতিরিক্ত সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) লবণ গবেষণা ইনস্টিটিউট এর প্রধান;

(গ) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশনের মহাপরিচালক কর্তৃক মনোনীত অন্যূন পরিচালক পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(ঘ) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত অন্যূন পরিচালক পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(ঙ) জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের পরিচালক বা তদ্‌কর্তৃক মনোনীত অন্যূন উপ-পরিচালক পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(চ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর প্রেসিডেন্ট কর্তৃক মনোনীত অন্যূন পরিচালক পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

(ছ) লবণ মিল মালিক সমিতির একজন প্রতিনিধি; এবং

(জ) বিসিকের চেয়ারম্যান কর্তৃক মনোনীত অন্যূন উপ-মহাব্যবস্থাপক পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(৩) বিসিক উক্ত কমিটির সাচিবিক সহায়তা পালন করিবে।

(৪) কমিটি প্রয়োজনে যে কোনো সদস্যকে কো-অপ্ট করিতে পারিবে।

২১। **নিবন্ধন, নবায়ন, ইত্যাদি।**—(১) ভোজ্য লবণ, শিল্প লবণ বা অন্য যে কোনো প্রকারের লবণ উৎপাদন, আমদানি, গুদামজাত, ভোক্তা পর্যায়ে পাইকারি সরবরাহ, প্রক্রিয়াকরণ, পরিশোধন বা আয়োডিনযুক্তকরণ কারখানা বা অন্য কোনো লবণ কারখানা স্থাপন ও পরিচালনার জন্য নিবন্ধন সনদ গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত নিবন্ধনের জন্য তফসিল-১ এ উল্লিখিত ফি অথবা সরকার কর্তৃক, সময় সময়, আদেশ দ্বারা নির্ধারিত নিবন্ধন ফিসহ তফসিল-২ এর ফরম-ক অনুযায়ী বিসিক বরাবর আবেদন করিতে হইবে।

(৩) বিসিক উপ-বিধি (২) অনুযায়ী আবেদন প্রাপ্তির পর নিম্নবর্ণিত বিষয়ে সন্তুষ্ট হইলে তফসিল-২ এর ফরম-গ অনুযায়ী নিবন্ধন সনদ প্রদান করিবে, যথা :—

(ক) উৎপাদন, আয়োডিনযুক্তকরণ, আমদানি, সরবরাহ, বিক্রয় ও বিতরণের কারিগরি ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা;

(খ) আর্থিক সক্ষমতা; এবং

(গ) জাতীয় লবণ কমিটি কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্যান্য বিষয়াদি।

(৪) নিবন্ধনপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিবন্ধনের মেয়াদ নবায়নের জন্য তফসিল-১ এ উল্লিখিত ফিসহ তফসিল-২ এর ফরম-খ অনুযায়ী বিসিক বরাবর আবেদন করিতে হইবে।

(৫) উপ-বিধি (৪) অনুযায়ী আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কাগজ ও তথ্যাদি পরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নিবন্ধন সনদ নবায়ন করা যাইবে।

(৬) এই বিধিতে উল্লিখিত নিবন্ধন আবেদন বা নবায়ন আবেদন দাখিল, নিবন্ধন সনদ প্রদান বা অনুরূপ সকল কার্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে সম্পন্ন করা যাইবে।

২২। **লবণ রেজিস্টার**।—প্রত্যেক নিবন্ধনপ্রাপ্ত ব্যক্তি লবণ উৎপাদন, পটাশিয়াম আয়োডেট দ্বারা আয়োডিনযুক্তকরণ, আমদানি, মজুদ, সরবরাহ ও বিতরণ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি তফসিল-২ এর ফরম-ঘ এ বর্ণিত রেজিস্টারে হালনাগাদ অবস্থায় সংরক্ষণ করিবেন এবং উহার অতিরিক্ত হিসাবে উক্ত তথ্যাদি ইলেক্ট্রনিক পদ্ধতিতেও সংরক্ষণ করা যাইবে।

২৩। **আপিল দায়েরের পদ্ধতি**।—(১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নিবন্ধন বাতিল বা স্থগিতকরণের আদেশের দ্বারা সংক্ষুব্ধ হইলে উক্ত আদেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল দায়ের করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আপিল আবেদনের সহিত প্রযোজ্যতা অনুযায়ী, নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত বা কাগজাদি দাখিল করিতে হইবে, যথা :—

(ক) আপিলকারীর নাম ও ঠিকানা;

(খ) যে আদেশের বিরুদ্ধে আপিল করা হইতেছে উহার বর্ণনা;

(গ) যে প্রতিকার চাওয়া হইতেছে উহার বিবরণ;

(ঘ) আপিলের পক্ষে যুক্তি এবং সংশ্লিষ্ট তথ্য ও কাগজাদি;

(ঙ) যে আদেশের বিরুদ্ধে প্রতিকার চাওয়া হইয়াছে, উহার কপি;

(চ) আবেদনকারীর প্রতিকার প্রার্থনার সপক্ষে প্রাসঙ্গিক অন্যান্য কাগজাদি; এবং

(ছ) সময় সময়, সরকার নির্ধারিত পরিমাণ আপিল আবেদন ফি জমার প্রমাণক।

(৩) আপিল আবেদনে আবেদনকারীর স্বাক্ষর থাকিতে হইবে এবং দাখিলীয় কাগজাদির অনুলিপিতে তাহাকে প্রত্যয়ন স্বাক্ষর করিতে হইবে।

(৪) এই বিধিতে উল্লিখিত পদ্ধতিতে আপিল আবেদন দাখিল না করা হইলে সরকার আপিল আবেদন নাকচ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যথাযথ মনে করিলে নাকচের পূর্বে আবেদনকারীকে পুনরায় আবেদন দাখিলের সুযোগ প্রদান করিতে পারিবে।

(৫) উপ-বিধি (৪) এর বিধান মোতাবেক আপিল আবেদন নাকচ করা হইলে উহার কারণ উল্লেখ করিতে হইবে।

২৪। **আপিল নিষ্পত্তি।**—(১) সরকার কোনো আপিলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে, যথা :—

(ক) সংশ্লিষ্ট বিষয়ে অধিকতর অনুসন্ধান বা তদন্ত বা বিবরণ যাচাই;

(খ) রেকর্ডপত্রাদি পর্যালোচনা; এবং

(গ) সংশ্লিষ্ট বা স্বার্থ সংশ্লিষ্ট বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির শুনানি গ্রহণ।

(২) আপিলকারীকে শুনানির অন্যূন ৭ (সাত) দিন পূর্বে শুনানির তারিখ সম্পর্কে অবহিত করিতে হইবে।

(৩) শুনানির সময়ে আপিলকারী ব্যক্তিগতভাবে নিজে উপস্থিত থাকিতে পারিবে অথবা তাহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি উপস্থিত থাকিতে পারিবেন।

২৫। **মামলা দায়েরের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি।**—আইন বা এই বিধিমালার অধীন কোনো মামলা দায়ের করিবার উদ্দেশ্যে বিসিক এর পরিদর্শকের নিম্নে নহে এইরূপ কোনো কর্মকর্তা অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো কর্মকর্তা ক্ষমতাপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন।

**তফসিল-১**

**[বিধি ২১(২) ও (৪) দ্রষ্টব্য]**

**ফি**

| ক্রমিক নম্বর | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | নিবন্ধন ফি | ১৫০০/- |
| ২। | নিবন্ধন নবায়ন ফি | ১৫০০/- |

**তফসিল-২**

**ফরম-ক**

**[বিধি ২১(২) দ্রষ্টব্য]**

**নিবন্ধন আবেদন ফরম**

১। আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। কারখানার ঠিকানা :

৩। প্রতিষ্ঠানের প্রধান কার্যনির্বাহীর বিবরণ:

(ক) নাম :

(খ) পিতা/স্বামীর নাম :

(গ) বর্তমান ঠিকানা :

(ঘ) স্থায়ী ঠিকানা :

(ঙ) জাতীয়তা :

(চ) জাতীয় পরিচয়পত্র নম্বর :

(ছ) অভিজ্ঞতা :

৪। বিনিয়োগ (লক্ষ টাকায়) :

(ক) ভূমি :

(খ) দালান :

(গ) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি :

(ঘ) অন্যান্য নির্ধারিত ব্যয় :

মোট টাকা=

(ভূমি ও ভবনের মালিকানা বা ভাড়ার প্রমাণপত্র দাখিল করিতে হইবে)

৫। বাৎসরিক উৎপাদন ক্ষমতা **(উৎপাদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য):**

| উৎপাদনযোগ্য পণ্যের বার্ষিক উৎপাদন ক্ষমতা (মেট্রিক পদ্ধতি অনুযায়ী) | আনুমানিক মূল্য (লক্ষ টাকায়) | উৎপাদিত লবণের কম্পোজিশন |
|---|---|---|
| | | |

৬। কাঁচামাল ও লেভেল, ইত্যাদি উপকরণের বার্ষিক চাহিদা:

(ক) স্থানীয়:

কাঁচামালের বিবরণ: পরিমাণ (মেট্রিক টন) মূল্য (লক্ষ টাকায়)

(১)

(২)

(৩)

(খ) আমদানি যোগ্য:

(১)

(২)

(৩)

৭। যন্ত্রাংশের বার্ষিক চাহিদা:

মোট মূল্য টাকা

.................

মূল্য (লক্ষ টাকায়)

.................

মোট =..............

৮। যন্ত্রপাতি ও সরঞ্জামাদির বিবরণ:

৯। আমদানি, লবণ উৎপাদন, গুদামজাত, ভোক্তা পর্যায়ে পাইকারী সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ, পরিশোধন বা আয়োডিনযুক্তকরণ কারখানা বা অন্য কোনো লবণ কারখানা স্থাপন ও পরিচালনার জন্য প্রয়োজনীয় তথ্যাদি:

(ক) ----

(খ) -----

(গ) -----

১০। নিয়োজিত/নিয়োগযোগ্য কর্মচারীর সংখ্যা:

১১। নিবন্ধন ফি প্রদান সংক্রান্ত ট্রেজারি চালান/ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার:

১২। সর্বশেষ নবায়নের তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে):

১৩। অন্যান্য জ্ঞাতব্য বিবরণ:

**অঙ্গীকারনামা**

আমি/আমরা অঙ্গীকার করিতেছি যে, আয়োডিনযুক্ত লবণ আইন, ২০২১ এবং আয়োডিনযুক্ত লবণ বিধিমালা, ২০২৪ এ বর্ণিত পরিদর্শনকারী কর্মকর্তা যে কোনো সময়ে আমাদের লবণ কারখানার গুদাম, প্রাঙ্গণ, বিক্রয় কেন্দ্র ও কারখানা বা অনুরূপ স্থাপনা পরিদর্শন করিতে পারিবেন এবং আমরা পরিদর্শনকারী কর্মকর্তার চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্র প্রদর্শনে বাধ্য থাকিব। আমাদের প্রস্তুতকৃত পণ্য সামগ্রীর নমুনা সংগ্রহে কোনো বাধা সৃষ্টি করিব না।

উপরে প্রদত্ত তথ্যাদি ও অঙ্গীকার সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর
নাম ও পদবি:
ঠিকানা:
মোবাইল নম্বর:
ই- মেইল:

তারিখ: -----------------------------

(প্রয়োজনে আলাদা কাগজে বিবরণ উল্লেখ করুন)

**তফসিল-২**
**ফরম-খ**
**[বিধি ২১(৪) দ্রষ্টব্য]**
**নিবন্ধন নবায়ন আবেদন ফরম**

১। আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। কারখানার ঠিকানা :

৩। প্রতিষ্ঠানের প্রধান কার্যনির্বাহীর বিবরণ:
(ক) নাম :
(খ) পিতা/স্বামীর নাম :
(গ) বর্তমান ঠিকানা :
(ঘ) স্থায়ী ঠিকানা :
(ঙ) জাতীয়তা :
(চ) জাতীয় পরিচয়পত্র নম্বর :
(ছ) অভিজ্ঞতা :

৪। বিনিয়োগ (লক্ষ টাকায়) :
(ক) ভূমি :
(খ) দালান :
(গ) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি :
(ঘ) অন্যান্য নির্ধারিত ব্যয় :

মোট টাকা=
(ভূমি ও ভবনের মালিকানা বা ভাড়ার প্রমাণপত্র দাখিল করিতে হইবে)

৫। বাৎসরিক উৎপাদন ক্ষমতা (উৎপাদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য):

| উৎপাদনযোগ্য পণ্যের বার্ষিক উৎপাদন ক্ষমতা (মেট্রিক পদ্ধতি অনুযায়ী) | আনুমানিক মূল্য (লক্ষ টাকায়) | উৎপাদিত লবণের কম্পোজিশন |
|---|---|---|
| | | |

৬। কাঁচামাল ও লেভেল ইত্যাদি উপকরণের বার্ষিক চাহিদা:
(ক) স্থানীয়:
কাঁচা মালের বিবরণ: পরিমাণ (মেট্রিক টন) মূল্য (লক্ষ টাকায়)
(১)
(২)
(৩)
(খ) আমদানি যোগ্য:
(১)
(২)
(৩)

৭। যন্ত্রাংশের বার্ষিক চাহিদা:
মোট মূল্য টাকা …………
মূল্য (লক্ষ টাকায়)
…………
মোট =…………

৮। যন্ত্রপাতি ও সরঞ্জামাদির বিবরণ:

৯। আমদানি, লবণ উৎপাদন, গুদামজাত, ভোক্তা পর্যায়ে পাইকারী সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ, পরিশোধন বা আয়োডিনযুক্তকরণ কারখানা বা অন্য কোনো লবণ কারখানা স্থাপন ও পরিচালনার জন্য প্রয়োজনীয় তথ্যাদি:

(ক) ----

(খ) -----

(গ) -----

১০। নিয়োজিত/নিয়োগযোগ্য কর্মচারীর সংখ্যা:

১১। নিবন্ধন ফি প্রদান সংক্রান্ত ট্রেজারি চালান/ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার নম্বর: .........., তারিখ:.........।

১২। নিবন্ধন নম্বর: ................, মেয়াদ উত্তীর্ণের তারিখ: ..................।

১৩। অন্যান্য জ্ঞাতব্য বিবরণ:

**অঙ্গীকারনামা**

আমি/আমরা অঙ্গীকার করিতেছি যে, আয়োডিনযুক্ত লবণ আইন, ২০২১ এবং আয়োডিনযুক্ত লবণ বিধিমালা, ২০২৪ এ বর্ণিত পরিদর্শনকারী কর্মকর্তা যে কোনো সময়ে আমাদের লবণ কারখানার গুদাম, প্রাঙ্গণ, বিক্রয় কেন্দ্র ও কারখানা বা অনুরূপ স্থাপনা পরিদর্শন করিতে পারিবেন এবং আমরা পরিদর্শনকারী কর্মকর্তার চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্র প্রদর্শনে বাধ্য থাকিব। আমাদের প্রস্তুতকৃত পণ্য সামগ্রীর নমুনা সংগ্রহে কোনো বাধা সৃষ্টি করিব না।

উপরে প্রদত্ত তথ্যাদি ও অঙ্গীকার সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর
নাম ও পদবি:
ঠিকানা:
মোবাইল নম্বর:
ই- মেইল:

তারিখ: -----------------------------

(প্রয়োজনে আলাদা কাগজে বিবরণ উল্লেখ করুন)

ফরম-গ
[বিধি ২১(৩) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
বিসিক ভবন, হোল্ডিং নং: ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bscic.gov.bd

নিবন্ধন সনদপত্র /নিবন্ধন নবায়ন সনদপত্র

নিবন্ধন নম্বর- | | | | | | | | | |

এতদ্দ্বারা জনাব/মেসার্স ..........................................................................

প্রো. ..........................................................................................

ঠিকানা ........................................................................ কে এই সনদে বর্ণিত

শর্তাবলি পালন সাপেক্ষে আয়োডিনযুক্ত লবণ আইন, ২০২১ এর ধারা ২১ এর (১) অনুযায়ী নিবন্ধন সনদ প্রদান করা হইল।

নিবন্ধন সনদের মেয়াদ: এই নিবন্ধন সনদ প্রদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসর।

নিবন্ধন প্রদানের তারিখ:

মেয়াদ উত্তীর্ণের তারিখ:

**নিবন্ধন সনদ নবায়ন (প্রযোজ্য ক্ষেত্রে)**

| নবায়ন পর্যায় | নবায়নকারী কর্মকর্তার নাম ও পদবি/সিল | স্বাক্ষর ও তারিখ | যে তারিখ পর্যন্ত নবায়িত |
|---|---|---|---|
| প্রথম | | | |
| দ্বিতীয় | | | |
| তৃতীয় | | | |
| চতুর্থ | | | |
| পঞ্চম | | | |
| ষষ্ঠ | | | |
| সপ্তম | | | |
| অষ্টম | | | |

**শর্তাবলি:**

১। নিবন্ধনধারী আয়োডিনযুক্ত লবণ আইন, ২০২১, অতঃপর আইন বলিয়া উল্লিখিত এবং আয়োডিনযুক্ত লবণ বিধিমালা, ২০২৪, অতঃপর বিধিমালা বলিয়া উল্লিখিত, এর শর্তাবলি পালন করিতে বাধ্য থাকিবেন এবং আইন, বিধিমালা এবং নিবন্ধন সনদপত্রের শর্তাবলি লঙ্ঘন করিলে নিবন্ধন সনদ বাতিলসহ আইনের ধারা ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১ ও ৪২ মোতাবেক, প্রযোজ্যতা অনুযায়ী, নির্ধারিত দণ্ডে দণ্ডিত হইবেন।

২। এই সনদ হস্তান্তরযোগ্য নহে।

৩। আইন ও বিধিমালায় উল্লিখিত মান-মাত্রা অনুযায়ী আয়োডিনযুক্ত লবণ উৎপাদন এবং সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক ভোজ্য লবণ প্যাকেটজাত করিয়া বাজারজাত করিতে হইবে।

৪। নিবন্ধনপ্রাপ্ত কারখানা, গুদাম, প্রাঙ্গণ, ভোজ্য লবণ প্রদর্শন স্থান ও বিক্রয় কেন্দ্র স্বাস্থ্যসম্মত ও পরিষ্কার-পরিচ্ছন্ন অবস্থায় রাখিতে হইবে এবং আইন ও বিধিমালা অনুযায়ী কারখানা পরিচালনা করিতে হইবে।

৫। নিবন্ধনধারী ব্যক্তি বা প্রতিষ্ঠান, সরকার বা জাতীয় লবণ কমিটির নির্দেশাবলি পালন করিতে এবং আইন ও বিধিমালা অনুযায়ী পরিদর্শনসহ প্রয়োজনীয় তথ্য প্রদানে সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

নাম:
পদবি:
লবণ সেল, বিসিক, ঢাকা
ফোন:

**ফরম-ঘ**

**[বিধি ২২ দ্রষ্টব্য]**

লবণ রেজিস্টারের নমুনা

অপরিশোধিত লবণ সংক্রান্ত :

| তারিখ | অপরিশোধিত লবণ ক্রয়ের পরিমাণ (মেট্রিক টন) | আমদানিকৃত বোল্ডার লবণের পরিমাণ (মেট্রিক টন) | পূর্বের মজুদ (মেট্রিক টন) | মোট মজুদ (মেট্রিক টন) | লবণের ব্যবহার (মেট্রিক টন) | ব্যবহারের পর অবশিষ্ট লবণের মজুদ (মেট্রিক টন) | কারখানা প্রতিনিধির স্বাক্ষর | পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫)<br>(২+৩+ ৪) | (৬) | (৭)<br>(৫-৬) | (৮) | (৯) |

পরিশোধিত (শিল্প) লবণ সংক্রান্ত :

| তারিখ | শিল্প লবণ উৎপাদন (মেট্রিক টন) | শিল্প লবণের পূর্বের মজুদ (মেট্রিক টন) | শিল্প লবণের মোট মজুদ (মেট্রিক টন) | শিল্প লবণ বিক্রয় (মেট্রিক টন) | বিক্রয়ের পর অবশিষ্ট শিল্প লবণের মজুদ (মেট্রিক টন) | কারখানা প্রতিনিধির স্বাক্ষর | পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪)<br>(২+৩) | (৫) | (৬)<br>(৪-৫) | (৭) | (৮) |

পরিশোধিত (আয়োডিনযুক্ত ভোজ্য) লবণ সংক্রান্ত :

| তারিখ | আয়োডিনযুক্ত লবণ উৎপাদন (মেট্রিক টন) | পূর্বের মজুদ (মেট্রিক টন) | মোট মজুদ (মেট্রিক টন) | বিক্রয়ের পরিমাণ (মেট্রিক টন) | অবশিষ্ট মজুদ (মেট্রিক টন) | আয়োডিন ক্রয় (কেজি) | আয়োডিনের পূর্বের মজুদ (কেজি) | মোট মজুদ (কেজি) | আয়োডিন ব্যবহার (কেজি) | অবশিষ্ট আয়োডিনের মজুদ (কেজি) | কারখানা প্রতিনিধির স্বাক্ষর | পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪)<br>(২+৩) | (৫) | (৬)<br>(৪-৫) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. এ, এফ, এম, আমীর হোসেন**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd